গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৬০/২০১৯-২০২০
ঢাকা ৫ ফেব্রুয়ারি বুধবার ২০২০, ২২ মাঘ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি আজ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দেবেন
২। **প্রধানমন্ত্রী চার দিনের সরকারি সফরে রোম পৌঁছেছেন**
৩। দেশে এক লাখের বেশি প্রচার সংখ্যার দৈনিক পত্রিকা ৪৮টি : সংসদে তথ্যমন্ত্রী
৪। দেশে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২২ হাজার ৭৮৭ মেগাওয়াট : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী
৫। ভোটের রাজনীতির প্রতি অনীহা গণতন্ত্রের জন্য শুভ নয় : সেতুমন্ত্রী
৬। সাংগঠনিক দুর্বলতার কারণেই বিএনপির পরাজয়
রংপুর বিভাগের দলীয় নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তথ্যমন্ত্রী
৭। সপ্তাহে একদিন বেশি চলবে মৈত্রী ও বন্ধন এক্সপ্রেস : রেলমন্ত্রীর সংবাদসম্মেলন আজ
৮। কৃষিমন্ত্রীর সঙ্গে ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বাংলাদেশে বিনিয়োগের আহ্বান
৯। বাংলাদেশে আরো বিনিয়োগ করতে চায় সিঙ্গাপুর : দেশটির প্রতিনিধিদলের সাক্ষাৎ শেষে নৌ প্রতিমন্ত্রী
১০। রোহিঙ্গা গণহত্যার তদন্ত শুরু করেছে আইসিসি
১১। হাসপাতালগুলোতে চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়ানো হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১২। জাতীয় গ্রন্থাগার দিবস আজ

চলমান পাতা-২

১। রাষ্ট্রপতি আজ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দেবেন

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পটুয়াখালীর কুয়াকাটায় পৌঁছেছেন। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) সাড়ে ৪টায় হেলিকপ্টারে কুয়াকাটায় হেলিপ্যাডে অবতরণ এবং পর্যটন মোটেল ইয়ুথ ইনে যান তিনি। পরে পরিবারের সদস্যদের নিয়ে কুয়াকাটা সমুদ্রসৈকতে সূর্যাস্ত দেখেন তিনি। রাষ্ট্রপতি আজ বুধবার বিকেলে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) দ্বিতীয় সমাবর্তনে যোগ দেবেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

২। প্রধানমন্ত্রী চার দিনের সরকারি সফরে রোম পৌঁছেছেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের আমন্ত্রণে চার দিনের সরকারি সফরে গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) রোম পৌঁছেছেন। প্রধানমন্ত্রী আজ জিউসেপ কোঁতের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। বৈঠকে সাংস্কৃতিক বিনিময়, রাজনৈতিক বিষয় এবং কূটনৈতিক ক্ষেত্রে সহযোগিতা সম্পর্কিত তিনটি চুক্তি স্বাক্ষরিত হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে স্থানীয় সময় বিকালে রোমের ফিয়ামিসিনো বিমানবন্দরে অবতরণ করে। মিনিস্টার প্লেনিপোটেনসিয়ারি অভ ইটালিয়ান ফরেন মিনিস্ট্রি ক্রিস্টিয়ানো কোস্তাফাবি এবং ইতালিতে বাংলাদেশের রাষ্ট্রদূত আবদুস সোবহান সিকদার প্রধানমন্ত্রীকে বিমানবন্দরে অভ্যর্থনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪),**সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

৩। দেশে এক লাখের বেশি প্রচার সংখ্যার দৈনিক পত্রিকা ৪৮টি : সংসদে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দেশে এক লাখের বেশি প্রচার সংখ্যার জাতীয় দৈনিক পত্রিকা রয়েছে ৪৮টি। এর মধ্যে আটটির প্রচার সংখ্যা দুই লাখের বেশি। এগুলো হল-যুগান্তর, প্রথম আলো, বাংলাদেশ প্রতিদিন, কালের কণ্ঠ, ইত্তেফাক, আমাদের সময়, জনকণ্ঠ, সমকাল ও সংবাদ। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, বর্তমানে দেশে প্রকাশিত দৈনিক পত্রিকার সংখ্যা এক হাজার ২৭৭টি। এর মধ্যে জাতীয় বাংলা দৈনিক ২১৮টি, আঞ্চলিক বাংলা দৈনিক ২৯৩টি এবং ইংরেজি দৈনিক ৪০টি। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮),**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৪। দেশে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২২ হাজার ৭৮৭ মেগাওয়াট : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ক্যাপটিভ ও নবায়নযোগ্যসহ দেশে বর্তমানে বিদ্যুতের মোট উৎপাদন ক্ষমতা ২২ হাজার ৭৮৭ মেগাওয়াট। তিনি বলেন, বর্তমানে শীত মৌসুমে দৈনিক বিদ্যুতের চাহিদা গড়ে ৮ হাজার ৫শ' থেকে ৯ হাজার মেগাওয়াট। এখন চাহিদা অনুযায়ী দৈনিক উল্লেখিত পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করা হয়। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৫। ভোটের রাজনীতির প্রতি অনীহা গণতন্ত্রের জন্য শুভ নয় : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ভোটের রাজনীতির প্রতি মানুষের অনীহা গণতন্ত্রের জন্য শুভ নয়। ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচনে যে হারে ভোট পড়েছে তা নিয়ে ভাবতে হবে। আওয়ামী লীগের যে জনসমর্থন সে বিবেচনায় আরও বেশি ভোট আশা করেছিলাম। তবে এ নির্বাচনে পরাজিত বিএনপির প্রার্থীরা যে ভোট পেয়েছেন, তা খারাপ নয় বলে মন্তব্য করে তিনি। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৬। সাংগঠনিক দুর্বলতার কারণেই বিএনপির পরাজয়
রংপুর বিভাগের দলীয় নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তথ্যমন্ত্রী

ঐক্যবদ্ধ আওয়ামী লীগকে পরাজিত করার মতো কোনো রাজনৈতিক শক্তি দেশে নেই বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেন, সাংগঠনিক দুর্বলতার কারণেই ঢাকার দুই সিটি কর্পোরেশন নির্বাচনে বিএনপির প্রার্থীরা পরাজিত হয়েছেন। তাদের দলে যেমন ঐক্য নেই, তেমনি সংগঠন বলেও কিছু অবশিষ্ট নেই। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে রংপুর বিভাগের দলীয় নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

৭। সপ্তাহে একদিন বেশি চলবে মৈত্রী ও বন্ধন এক্সপ্রেস : রেলমন্ত্রীর সংবাদসম্মেলন আজ

ঢাকা ও কলকাতার মধ্যে চলাচলকারী মৈত্রী এক্সপ্রেস এবং কলকাতা ও খুলনার মধ্যে চলাচলকারী বন্ধন এক্সপ্রেস সপ্তাহে একদিন বেশি চলাচল করবে। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) রেলপথ মন্ত্রণালয় থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ বিষয়ে আজ বুধবার রেল ভবনের সম্মেলনকক্ষে আয়োজিত এক সংবাদসম্মেলনে বিস্তারিত জানাবেন রেলপথমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮)।

৮। কৃষিমন্ত্রীর সঙ্গে ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বাংলাদেশে বিনিয়োগের আহ্বান

ইন্দোনেশিয়ার উদ্যোক্তাদের কৃষি খাতসহ অন্যান্য খাতে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের নিজ কক্ষে মন্ত্রীর সঙ্গে বাংলাদেশে নিয়োজিত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত রিনা প্রোথিয়াসমিয়ারসি সোমর্নোর বৈঠকে এ আহ্বান জানান কৃষিমন্ত্রী। এ সময় কৃষিমন্ত্রী বাংলাদেশের অর্থনৈতিক গুরুত্ব এবং অর্থনৈতিক অঞ্চলের বৈদেশিক বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরেন। তিনি বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **আমাদরেঅর্থনীতি (শেষ পৃ,ক.১)।**

৯। বাংলাদেশে আরো বিনিয়োগ করতে চায় সিঙ্গাপুর : দেশটির প্রতিনিধিদলের সাক্ষাৎ শেষে নৌ প্রতিমন্ত্রী

বন্দরের পাশাপাশি বাংলাদেশের কৃষি, ওষুধ, গার্মেন্টস পণ্য, সামুদ্রিক খাবার, নির্মাণসামগ্রীসহ বিভিন্ন খাতে বিনিয়োগ বাড়াতে চায় সিঙ্গাপুর। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকায় নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লোহরর নেতৃত্বে একটি প্রতিনিধিদল নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সঙ্গে বৈঠককালে এ আগ্রহের কথা জানান। বৈঠক শেষে নৌ প্রতিমন্ত্রী এ কথা জানান। চট্টগ্রাম বন্দরের বে টার্মিনাল নির্মাণকাজের অগ্রগতি নিয়ে নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.৪)।

১০। রোহিঙ্গা গণহত্যার তদন্ত শুরু করেছে আইসিসি

জাতিসংঘ-সমর্থিত আন্তর্জাতিক ফৌজদারি আদালতের (আইসিসি)-র প্রসিকিউটর অফিস বলেছে, তারা মিয়ানমারের সংখ্যালঘু রোহিঙ্গা মুসলমানদের ওপর গণহত্যায় জড়িত অপরাধীদের বিচার করতে অপরাধের অভিযোগের তদন্ত শুরু করেছে। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) আইসিসি অফিস অব প্রসিকিউটর (ওটিপি) এর পরিচালক ফাকিসো মোচোচোকো রাজধানীতে এক সংবাদসম্মেলনে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৭) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১১। হাসপাতালগুলোতে চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়ানো হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, দেশের হাসপাতালগুলোয় চিকিৎসার জন্য বিদ্যমান সুযোগ-সুবিধা আরও বৃদ্ধি করা হবে। গতকাল (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

১২। জাতীয় গ্রন্থাগার দিবস আজ

আজ জাতীয় গ্রন্থাগার দিবস। এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'পড়ব বই, গড়ব দেশ-বঙ্গবন্ধুর বাংলাদেশ।' দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** এসএসসি পরীক্ষার প্রথম দিনের পরীক্ষায় সারাদেশে অনেকগুলোর কেন্দ্রে প্রশ্নপত্র বিতরণে ভুলের ঘটনা ঘটেছে উল্লেখ করে পরীক্ষার্থীরা যেন এ ভুলের কারণে কোনোভাবে ক্ষতিগ্রস্ত না হয় তা নিশ্চিত করার পাশাপাশি বাকী পরীক্ষাগুলো নির্বিঘ্নভাবে সম্পন্ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল** : দেশে এখন ১৫ লাখ মানুষ ক্যান্সারে আক্রান্ত, বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ রোগ প্রতিকারের সঙ্গে সঙ্গে প্রতিরোধে সবাইকে আন্তরিক ও সক্রিয় হওয়ার আহ্বান।

গ. **যায়যায়দিন :** মাদকের ভয়াবহ ছোবলে অকালে কেড়ে নিচ্ছে অনেক প্রাণ উল্লেখ করে যুবসমাজকে এর থেকে সুরক্ষায় পরিকল্পিত ও সফল উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর** : বাজারে নিত্যপেণ্যের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে ভোক্তাদের স্বার্থ রক্ষায় এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ** : বগুড়ার ১ হাজার ৬০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের ৭০৮টি পদ শূন্য রয়েছে উল্লেখ করে বগুড়াসহ যেসব অঞ্চলে শিক্ষক সংকট রয়েছে তা দ্রুত নিরসন করে মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করার পাশাপাশি শিক্ষার্থী ঝরেপড়া রোধ করার সুপারিশ।

চ. **অবজারভার** : ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়রগণ নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতিগুলো যথাযথভাবে বাস্তবায়ন করবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : রাজধানীর অনেক ফার্মেসিতে মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রির অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সপারিশ।

নিবন্ধ ও ফিচার

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত **'দক্ষ জনশক্তি রপ্তানি রেমিট্যান্স প্রবাহে আনবে নতুন জোয়ার'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশকে সমৃদ্ধ উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যেতে হলে জনসংখ্যার বিরাট বোঝাকে অভিশাপ মনে না করে আশীর্বাদ হিসেবে গণ্য করতে হবে।

#

ডালিয়া/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা